




## নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয় : বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টা: ২২,০০০-৫৩,০৬০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫) ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষের অফিসের শূন্য সহকারী রেজিস্ট্রার পদের বিপরীতে সেকশন অফিসার (৯ম গ্রেড) পদ পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। প্রার্থীকে এস.এস.সি/এইচ.এস.সি/সমমানের পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/জিপিএ ৫ স্কেলে ন্যূনতম ৩.৫ অথবা সিজিপিএ ৪ স্কেলে ন্যূনতম ৩.০০সহ স্নাতকোত্তর পাশ হতে হবে। তবে বিবিএসহ এমবিএ ডিগ্রিধারীদেরকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। প্রার্থীকে সরকারি বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে কমপক্ষে ছয় মাসের কম্পিউটার প্রশিক্ষণসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, কম্পিউটার প্রশিক্ষণ ও অন্যান্য যোগ্যতার সনদপত্রসমূহের (যদি থাকে) সত্যায়িত ফটোকপি আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে। অভ্যন্তরীণ প্রার্থীর গোপনীয় প্রতিবেদন সন্তোষজনক সাপেক্ষে চাকরির অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। চাকুরীরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে। প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৩০ বছর হতে হবে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল পরীক্ষা পাশের সার্টিফিকেট ও প্রশংসাপত্রের ৮(আট) প্রস্তুত দরখাস্ত আগামী ২৬-১২-২০২৪ তারিখের মধ্যে রেজিস্ট্রারের (২০৩ নং কক্ষে) নিকট পৌঁছাতে হবে।

  
২৫/১২/২৪